

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ..... ০৩.০০.০০০০.০৮-২.৯৯.০১২.২৬-৪৩৩

তারিখ ..... ২৩ বৈশাখ ১৪৩৩  
০৬ মে ২০২৬

প্রজ্ঞাপন

মাননীয় সংসদ সদস্যগণের প্রতিশ্রুত ও প্রত্যাশিত কর্মসূচিসমূহ দ্রুত এবং কার্যকরভাবে বাস্তবায়ন, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন নিম্নরূপভাবে একটি সেল গঠন করা হলো:

**(ক) সেলের গঠন:**

১. মাননীয় উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়/পরিকল্পনা মন্ত্রণালয়	সভাপতি
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৪. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৫. প্রধানমন্ত্রীর এসআইনমেন্ট অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৬. গবেষণা কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৭. প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য-সচিব

**(খ) সেলের কর্মপরিধি:**

- মাননীয় সংসদ সদস্যগণের প্রতিশ্রুত ও প্রত্যাশিত কর্মসূচির চাহিদাসমূহ গ্রহণ, সংকলন ও তথ্যভান্ডার সংরক্ষণ;
- প্রাপ্ত কর্মসূচিসমূহের প্রাথমিক যাচাই-বাছাই, প্রাসঙ্গিকতা নিরূপণ, সম্ভাব্যতা ও জনস্বার্থ বিবেচনায় অগ্রাধিকার নির্ধারণ এবং বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে সুপারিশ প্রেরণ;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সাথে কার্যকর সমন্বয় সাধন এবং গৃহীত প্রকল্পসমূহের মাঠ পর্যায়ে সফল বাস্তবায়ন নিশ্চিতকরণে নিবিড় সমন্বয়, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি তদারকি ও পর্যালোচনা;
- সেলের সার্বিক কার্যক্রম ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সময় সময় কর্তৃপক্ষকে অবহিতকরণ;
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

(গ) সেলের কার্যক্রমে কারিগরি ও প্রশাসনিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে উপযুক্ত সংখ্যক প্রতিনিধি/জনবল কো-অপ্ট/সংযুক্ত করা যাবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(শাহরিয়ার জামিল)  
পরিচালক (প্রশাসন)  
☎: +৮৮০-২-৫৫০২৯৪৩৫  
ই-মেইল: dir15@pmo.gov.bd